

মেসবা আলম অর্ঘ্যের কবিতা

মেলোডিয়া

সুচের নিচে ঘুরন্ত এই

কালো কল্পনার ভাইনাল—

শান্তি যেখানে

খাঁজে জমা ধুলার আওয়াজ

মচকানো গোড়ালির মতো

ফুলে ফুলে ওঠা

মেলোডিয়া

সদ্যধোয়া চোখের দ্রবণ

চুল আঁচড়াই

একটা পূর্ণ আগরবাতি জ্বালি

শান্তি যেখানে—

আমি— এই কালো কল্পনা

একটা ঘণাহীন, স্নিগ্ধ ছুরি হাতে

আমি ওর সুরের চামড়াগুলি

বিষের ধমনীগুলি

পরীক্ষা করি

আটকে আছে

আত্মার ভিতর

আটকে আছে আমার শরীর

বৃষ্টি শেষের পূর্ণিমায়

আটকে আছে মেঘেরা

সরে গেছে পাইপ বেয়ে ছাদে জমা

পানিগুলি নেমে আসতেছে

জ্যোৎস্নায়

মাটির কাছে শব্দ হচ্ছে

যে আত্মা শরীরের কারাগার

লেজ তার কুকুরটিকে নাড়তেছে

যন্ত্র তার মানুষটিকে

বহুদিন কবিতাহীন আমি

বহুদিন কবিতাহীন আমি পাউরুটি খেতে খেতে
সকালবেলা গরম এককাপ চা - সিরামিক থালা
উপুড় করে ঢেকে রাখলাম -
আচমকা হাত ফসকে সিরামিক
কাপের গায়ে লহরার মতো বাজলো -
স্থির হলো - সূর্য উঠলো পাউরুটির মতো নরম
পাখির শান্ত গানগুলো
মাল্টিগ্রেন
পরিবেশ সচেতন মিলিটারি কারখানার খবর
ফ্রিজের ভিতর সজীব পালংশাক
ফ্রিজের ভিতর ভাষাহীন
নীলাকাশ - বিসমিল্লার ভৈরবী -
বিন্দু বিন্দু শিশির মাথা ঘাস
বিন্দু বিন্দু আতঙ্ক
স্থির হলো
উদ্বাস্ত ক্যাম্পে পোলিও টীকা শান্তিময়
বিমান হামলার পর পর
হাসপাতালে মাংসের কয়লা - পানি বন্ধ - এইড বন্ধ -
উদ্বাস্ত ক্যাম্পে পোলিও টীকা শান্তিময়
যাদের পাখিগুলি আমার শান্তির শত্রু
ওরা যারা পোড়া মাটিতে সবজি লাগাচ্ছে

বিধ্বস্ত গির্জার স্তম্ভের পাশে

উপুড় করা এক ফালি

পাউরুটির মতো নরম এইড ট্রাক

বহুদিন কবিতাহীন আমি

সকালবেলা গরম এক কাপ চা

সিরামিক থালা উপুড় করে ঢেকে রাখলাম

ফ্রিজ খুলে পালংশাক বের করলাম

শান্ত আতঙ্কে

শীতের মাটিতে মিশে যাওয়া পোকাকার পৃথিবী

হাত ফসকানো সিরামিকের মতো

কাঁপতে কাঁপতে বাজলো

ভাল রোবো

ভাল রোবো সন্ধ্যাবেলা গান গায়

শূন্যতার গায় মুরগির চামড়া

টেনে খুলে রানের মাংস

কলের নিচে পানি ছেড়ে ডলে

ডলে পরিষ্কার করে,

গান গায়

ভাল রোবো বর্তমানে থাকে

খাবার টেবিল ভেজা তোয়ালে ডলে

ডলে মোছে -

আগে যা হয়েছে ভুলে যায়



মেসবা আলম অর্ঘ্য ঢাকা থেকে কানাডায় দু দশক। ২১:০ র লেখালিখির জন্ম আন্তর্জালেই। কৌরব অনলাইনে অঁর একাধিক কবিতা। প্রথম কাব্যগ্রন্থ কৌরব প্রকাশনী থেকে - 'আমি কাল রাতে কোথাও যাই নাই' (২০০৮)। এরপর 'তোমার বন্ধুরা বনে চলে গেছে' (২০১১), 'তোমার সাথে আক্ষরিক' (২০১৬)। বাংলাদেশ থেকে একাধিক কবিতার বই। অটোয়ার বাসিন্দা। পেশাসূত্রে সফটওয়্যার কারিগর। সম্প্রতি গানের দল গড়েছেন।